

ফাতওয়া নান্বার: ৪৮৯

প্রকাশকাল: ২৬-০৮-২০২৪ ইং

## যাকাতের টাকা বিকাশে পাঠালে খরচ কোথেকে যাবে?

**প্রশ্ন:**

যাকাতের টাকা বিকাশে পাঠাতে গিয়ে যদি বিকাশে কিছু টাকা খরচ হয়, তাহলে সেটা কোথেকে ধরা হবে? যেমন, কোনো ধনী ব্যক্তি তার গরীব আত্মীয়ের কাছে বিকাশ মারফত যাকাতের টাকা পাঠালেন। একইভাবে কোনো জিহাদী সংগঠনের মাজলুম খাত থেকে মাজলুম পরিবারে বিকাশ মারফত টাকা পাঠানো হলে বিকাশ খরচ কি ওই খাত থেকে ধরা যাবে? উল্লেখ্য, মাজলুম খাতে যাকাতের টাকা ও সাধারণ টাকা উভয়টাই থাকে।

বি.দ্র. যেসব লোক জিহাদী সংগঠনের যাকাত ফাণ্ডে নিজেদের যাকাতের টাকা দিয়ে থাকেন তাঁদের কাছে বিকাশ খরচ বাবদ অতিরিক্ত টাকা চেয়ে নেওয়া প্রায় অসম্ভব। সংগঠনের দায়িত্বশীলদেরকে যাকাত গ্রহণের উপযুক্ত ব্যক্তিদের কাছে এমনভাবে যাকাতের টাকা পৌঁছাতে হয়, যেন দাতাদের কাছে অতিরিক্ত টাকা চাওয়া ছাড়াই যাকাত সঠিক ভাবে আদায় হয়ে যায়। এ ক্ষেত্রে তাঁদের করণীয় কী? সবিস্তারে জানালে অনেক উপকৃত হবে।

-আবদুল হাসীব

**উত্তর:**

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

الحمد لله، والصلاة والسلام على رسول الله، أما بعد!

কোনো ব্যক্তি তার যাকাতের টাকা বিকাশের মাধ্যমে পাঠালে বিকাশ খরচ তিনি আলাদা বহন করবেন, বিকাশ খরচ যাকাতের মধ্যে গণ্য হবে না।

কোনো জিহাদী সংগঠনের যাকাত ফাণ্ড থেকে বিকাশ মারফত কাউকে যাকাত দিলেও বিকাশ খরচ সাধারণ ফাণ্ড থেকে দিতে হবে, বিকাশ খরচ যাকাতের মধ্যে গণ্য হবে না। চাই তা মাজলুম খাতের যাকাত হোক অথবা অন্য খাতের।

হ্যাঁ, মাজলুম খাতের সাধারণ ফাণ্ডের অর্থ বিকাশ মারফত পাঠালে খরচসহ তা মাজলুম খাত থেকে ধরা যাবে।

অবশ্য কেউ যদি সংগঠনের দায়িত্বশীলগণকে উকিল বানান যে, তারা তার পক্ষ থেকে সংগঠনের যাকাত ফাণ্ড থেকে যাকাত গ্রহণ করতে পারবেন, এমন ক্ষেত্রে উক্ত উকিল যাকাত গ্রহীতার পক্ষে সংগঠন থেকে যাকাত গ্রহণ করে তার কাছে পাঠালে বিকাশ খরচ যাকাতের মধ্যে গণ্য হবে, আলাদা দিতে হবে না। কেননা, এক্ষেত্রে যাকাত ফাণ্ড থেকে ভাইয়ের নামে গ্রহণ করার সাথে সাথেই ভাই তার মালিক হয়ে যাবেন এবং উক্ত টাকা পুরোটাই তা মালিক হয়ে যাবে। তারপর বিকাশে পাঠালে তার টাকা তার খরচে পাঠানো হয়েছে ধর্তব্য হবে।

একইভাবে যাকাতের অর্থ পাঠানোর পূর্বে যদি গ্রহীতার সঙ্গে বিকাশ খরচের বিষয়টি আলোচনা করে নেয়া হয় এবং তিনি বিকাশ খরচ বহনে সম্মত হন, তাহলে তার কাছে প্রেরিত পূর্ণ অর্থই যাকাত থেকে গণ্য করা যাবে; যাকাতদাতাকে আলাদা বিকাশ খরচ দিতে হবে না।

উল্লেখ্য, যাকাতদাতাদের জন্য সামান্য বিকাশ খরচ নিয়ে দুশ্চিন্তা করা এবং যাকাত গ্রহীতাকে এই খরচ বহনের দায় দেয়ার চিন্তা করা যে ভদ্রতা ও রুচিবোধের পরিপন্থী তা বলার অপেক্ষা রাখে না। আমরা চাই জিহাদী সংগঠনও এমন কাজ থেকে বিরত থাকবে।

-ইমদাদুল ফাতাওয়া: ১২/৪২৪, ইমদাদুল মুফতিন (জামে):  
৫/২৭১, কিতাবুন নাওয়াযিল: ৬/৬০৪, যাকাত কে মাসায়িল কা  
ইনসাইক্লোপিডিয়া: ৪৫৪

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

২৯-১১-১৪৪৫ হি.

০৬-০৭-২০২৪ ঈ.

